দৈনিক সংবাদ 043

17 AUG 1988

# বিদ্যুৎ উৎপাদন ও যোগাযোগ ব্যবস্থার ওপর অগ্রাধিকার দেয়া হয়েছেঃ রাষ্ট্রপতি

রংপুর, ১৬ই আগষ্ট (বাসস)

## কারমাইকেল কলেজে ছাত্র সমাবেশ

রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ দেশের উন্নয়ন প্রচেষ্টায় অর্থবহ অবদান রাখার লক্ষ্যে ছাত্রদের প্রতি নিজেদেরকে যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার জন্যে জ্ঞানার্জনে শক্তি কাজে লাগানোর আহ্বান জানিয়েছেন।

তিনি আজ কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজ প্রাঙ্গণে কলেজ মিলনায়তনের ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষে আয়োজিত এক বিরাট ছাত্র সমাবেশে ভাষণ দিচ্ছিলেন। উল্লেখ্য, তিনি ১৯৪৬ সাল থেকে ১৯৫০ সাল পর্যন্ত এই কলেজের ছাত্র ছিলেন।

পাটমন্ত্রী এ, কে, এম মাঈদুল ইসলাম ও কলেজের অধ্যক্ষ ডঃ আবদুল জব্বার মিয়াও অনুষ্ঠানে বক্তৃতা করেন।

রাষ্ট্রপতি বলেন, তার সরকার বর্তমান শিক্ষা ব্যবস্থাকে দেশের চাহিদা উপযোগী করে পুনর্বিন্যাসের চিন্তাভাবনা করছেন। এই চিন্তার সঙ্গে সঙ্গতি রেখে জেলা পর্যায়ের কলেজগুলোকে বিশ্ববিদ্যালয় কলেজে পরিণত করা হবে এবং অনার্স কোর্সের ব্যবস্থা করা হবে।

তিনি বলেন, একটি অনুমোদিত বিশ্ববিদ্যালয় এসব কলেজের পরীক্ষা নেবে এবং বর্তমান আবাসিক বিশ্ববিদ্যালয়গুলো কেবলমাত্র আবাসিক বিশ্ববিদ্যালয় হিসেবে চালু থাকবে।

তিনি বলেন, সরকার এসব সিদ্ধান্ত চাপিয়ে দিতে চান না। এগুলো বাস্তবায়নের আগে সেমিনার ও আলোচনার মাধ্যমে জনমত চাওয়া হবে।

রাষ্ট্রপতি সুপ্রীম কোর্ট বার সমিতি রংপুর হাইকোর্ট ডিভিশনের একটি সংবর্ধনা অনুষ্ঠানেও যোগদান করেন এবং রংপুর বার এসোসিয়েশন ভবন উদ্বোধন করেন।

রংপুর হাইকোর্ট ডিভিশন বার এসোসিয়েশনের সভাপতি এডভোকেট আজিজুল হক এবং রংপুর বার এসোসিয়েশনের সভাপতি এডভোকেট নূরুল হক সংবিধানের অষ্টম সংশোধনীকে স্বাগত জানান।

রাষ্ট্রপতি রংপুর জেলা মুক্তিযোদ্ধা সংসদের বাজার কমপ্লেক্সের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন

এ উপলক্ষে ভাষণে রাষ্ট্রপতি এরশাদ বলেন, জাতি কোনদিন মুক্তিযোদ্ধাদের অবদানের কথা ভুলবে না।

রাষ্ট্রপতি পরে রংপুর কল্যাণ ট্রাষ্ট প্রদত্ত পুরস্কার প্রাপ্তদের মধ্যে স্বর্ণপদক বিতরণ করেন। রংপুর জেলার মেধাবী ছাত্র ও বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখার জন্যে এই পদক দেয়া হয়।